

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৪ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০১১.১৯-

তারিখ: ১১.০৯.২০১৯ খ্রি:

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তর এর এমআইএস শাখার জন্য পদ সৃজন।

সভার তারিখ : ০৩.০৯.২০১৯ খ্রি:  
সভার সময় : সকাল ১১.০০ টায়।  
সভার স্থান : কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
সভাপতি : মোঃ হাবিবুর রহমান খান  
অতিরিক্ত সচিব (প্রশাসন),  
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা অধ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে স্বাস্থ্য অধিদপ্তর এর এমআইএস শাখার জন্য পদ সৃজনে বিষয়ে আলোকপাত করেন।

স্বাস্থ্য অধিদপ্তর এর এমআইএস শাখার জন্য পদ সৃজনঃ

স্বাস্থ্য অধিদপ্তর এর এমআইএস শাখা ডিজিটাল স্বাস্থ্য ব্যবস্থাপনার একটা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। বর্তমান সরকারের ডিজিটাল বৃদ্ধকল্প বাস্তবায়নের নিমিত্তে স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। স্বাস্থ্য সেবায়ের সকল আইসিটি কার্যক্রম (এইচআরআইএস, ডিএইচআইএস-২, হসপিটাল অটোমেশন, শেরয়ার্ড হেলথ রেকর্ড, টামা এটেনডেন্স, হেলথ বুলেটিন, টেলিমেডিসিন, স্বাস্থ্য বাতায়ন, কমপ্লেন্ট ইন সার্ভিস), এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত হচ্ছে। কিন্তু সহায়ক জনবলের অভাবে এমআইএস এর আইটি কার্যক্রম যথাযথ গতিশীল করা সম্ভব হচ্ছে না। স্বাস্থ্য সেবার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর ও ৮টি বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরের জন্য নিম্নোক্ত ৪০(চল্লিশ)টি নতুন পদ সৃজনের প্রস্তাবের প্রেক্ষিতে গত ২৫.০৬.২০১৯ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের জন্য ৮টি বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কায্যালয়ে সহায়ক পদসহ একটি সংশোধনী প্রস্তাব প্রেরণের জন্য এমআইএসকে অনুরোধ করা হয়। স্বাস্থ্য অধিদপ্তর হতে এমআইএস শাখার জন্য সহায়ক পদ সহ ৭০টি পদের সংশোধিত প্রস্তাব প্রেরণ করা হয়।

আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


(ক) স্বাস্থ্য সেবার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর ও ৮টি বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরের জন্য বিভিন্ন ক্যাটাগরির ৭০টি পদ সৃজনের প্রস্তাব পার-৪ অধিশাখা কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-  
(মোঃ হাবিবুর রহমান খান)  
সভাপতি  
ও  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার/এইচআর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপসচিব (জিএনএসপি), এইচআর, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
বোকেয়া বেগম  
উপসচিব